

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd

নং ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২৬.১৫/ ৮৯৯ (৬৬)

তারিখ: ০৬/০২/২৪ ২৪
২৬/০৪/২০১৭

বিষয়: সরকারি ও বেসরকারি কলেজ, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ এবং সিনিয়র মাদরাসার ইংরেজি বিষয়ের প্রভাষকগণের জন্য ৪৮তম কমিউনিকেশন ইংলিশ কোর্স-এ মনোনয়ন

আগামী ০২-০৫-২০১৭ থেকে ২২-০৫-২০১৭ খ্রিঃ (১৯ চৈত্র ১৪২৩ থেকে ০৯ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ) তারিখ পর্যন্ত সরকারি ও বেসরকারি কলেজ, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ এবং সিনিয়র মাদরাসার ইংরেজি বিষয়ের প্রভাষকগণের জন্য ৪৮তম কমিউনিকেশন ইংলিশ কোর্স নায়েম-এ অনুষ্ঠিত হবে। এ কোর্সে অংশগ্রহণের জন্য ইংরেজি বিষয়ের একজন প্রভাষক মনোনয়নের জন্য তাঁকে অনুরোধ করা হলো। এতসঙ্গে নিম্নোক্ত বিষয়সমূহের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি (শর্তসমূহ মনোনীত প্রভাষক-এর মনোনয়ন পত্রে অবশ্যই উল্লেখ থাকতে হবে)।

১. আসন শূন্য থাকা সাপেক্ষে প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণের হোস্টেলে অবস্থান করার ব্যবস্থা আছে।
২. প্রশিক্ষণার্থীগণকে খাওয়া ও শিক্ষা সফরের খরচ সংকুলানের জন্য আনুমানিক জনপ্রতি ৮,০০০/- (আট হাজার টাকা) সঙ্গে রাখতে হবে।
৩. সরকারি নিয়ম অনুযায়ী অংশগ্রহণকারীকে ভ্রমণ ও দৈনিক ভাতা/ প্রশিক্ষণ ভাতা নায়েম থেকে প্রদান করা হবে।
৪. মনোনীত প্রশিক্ষণার্থীকে ০২.০৫.২০১৭ খ্রি. সকাল ০৯:০০টায় নায়েম-এর প্রশাসনিক ভবনের নিচ তলায় ওয়ানস্টপ সার্ভিস পয়েন্টে রিপোর্ট করতে হবে। যারা হোস্টেলে অবস্থান করবেন তারা ০১-০৫-২০১৭ খ্রিঃ তারিখে রিপোর্ট করতে পারবেন।
৫. প্রশিক্ষণার্থীগণকে একাদশ-দ্বাদশ শ্রেণির English for Today, যে কোনো English to English Dictionary, সর্বশেষ MPO-এর কপি (বেসরকারি প্রতিষ্ঠানের প্রভাষকের ক্ষেত্রে), পাসপোর্ট সাইজের ২ কপি রঙিন ছবি, Education Institute Identification Number (EIN) ও e-mail ID সঙ্গে আনতে হবে।
৬. আগামী ২৪-০৪-২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে কোর্স সমন্বয়ক জনাব মোঃ জাহাঙ্গীর কবীর (০১৬৭৩২১২৯১৪) অথবা জনাব শামসুন আক্তার সিদ্দিকীকে (০১৯২৭২৫২৭৯৬) মোবাইলে মেসেজ পাঠিয়ে প্রশিক্ষণার্থীকে কোর্সে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
৭. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০. ১৮.৪১. ২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাত্ক্ষণিক বিমুক্ত (Stand Release) বলে গণ্য হবেন। সুতরাং, গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
৮. ইতোপূর্বে নায়েম-এ অনুষ্ঠিত অনুরূপ প্রশিক্ষণ কোর্সে যিনি অংশগ্রহণ করেছেন তাঁর এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করার প্রয়োজন নেই।
৯. বিগত এক বছরের মধ্যে (FTC, SSCM, ACEM, ERM ব্যতিত) কেউ নায়েমে কোনো প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করে থাকলে এ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না।
১০. আমন্ত্রণপত্রটি নায়েম-এর ওয়েবসাইটে (www.naem.gov.bd) পাওয়া যাবে।

প্রাপক:

(প্রফেসর ড. আর্.ফ.ম. শফিকুর রহমান)
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম
e-mail: info@naem.gov.bd

নং ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২৬.১৫/ ৮৯৯ (৬৬) (২৬)

তারিখ: ০৬/০২/২৪ ২৪
২৬/০৪/২০১৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা ভবন, ঢাকা (আমন্ত্রণপত্র ও তালিকাসহ);
- ২-৫. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ গবেষণা ও তথ্যায়ন/ প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
- ৬-৮. উপপরিচালক, প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ প্রশাসন ও অর্থ), নায়েম, ঢাকা;
৯. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা;
১০. প্রোগ্রামার, নায়েম (তাঁকে আমন্ত্রণ পত্র এবং তালিকা নায়েম ওয়েব সাইটে দেয়ার অনুরোধসহ);
১১. তথ্যায়ন কর্মকর্তা, নায়েম, ঢাকা;
১২. সকল হোস্টেল সুপারিনটেনডেন্ট, নায়েম, ঢাকা;
১৩. অফিস নথি।

(এস. এম. রবিউল ইসলাম)
প্রশিক্ষণ বিশেষজ্ঞ

ও
কোর্স পরিচালক
৪৮তম কমিউনিকেশন ইংলিশ কোর্স (কলেজ)